

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারি ৮, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
[ ভ্যাট অনুবিভাগ ]  
সাধারণ আদেশ

নং ১১/মূসক/২০২১ তারিখ : ১৫ পৌষ, ১৪২৮ বঙ্গাব্দ/৩০ ডিসেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয় : ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব পরিমাণ মূল্য সংযোজন কর ই-পেমেন্ট বা এ-চালান এর মাধ্যমে  
পরিশোধকরণ।

যেহেতু, অনলাইন নির্ভর আধুনিক ভ্যাট ব্যবস্থা গড়িয়া তোলার কার্যক্রম চলমান রহিয়াছে; এবং

যেহেতু, আধুনিক ই-পেমেন্ট বা এ-চালান পদ্ধতি ব্যবহার করিয়া ব্যবসায়ীগণ নির্বিঘ্নে দ্রুততম সময়ে  
রাজস্ব পরিশোধ করিতে পারিবেন এবং ইহার মাধ্যমে সরকারি কোষাগারে রাজস্ব জমা নিশ্চিত হইবে;

সেহেতু, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা  
৪৫ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২৫ এর উদ্দেশ্য পূরণকল্পে মূল্য  
সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮-ক এ প্রদত্ত ক্ষমতাবলে যে কোনো একক ট্রেডারী  
চালানের বিপরীতে পরিশোধযোগ্য ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা বা তদূর্ধ্ব পরিমাণ মূল্য সংযোজন কর ই-পেমেন্ট বা  
এ-চালান এর মাধ্যমে জমা প্রদান বাধ্যতামূলক করিল।

০২। এ আদেশ ১ জানুয়ারি, ২০২২ খ্রিঃ তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ মাসুদ সাদিক

সদস্য (মূসক নীতি)।

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

( ৩৮১ )

মূল্য : টাকা ৪.০০